

শরৎ-জ্যোৎস্না

আজকে রাতের চাঁদের আলো বিপুল শ্রোতৃ আসে,

এই ভূবনের দিকে দিকে কোথাও থাঁত্য না সে।

আকাশখানার পাত্রখানি কানায় কানায় ভরে'

উচ্ছল ধারে সে সুধা আজ উপচে বরে' পড়ে।

নাইকো রে ঠাই নাই,

কোথায় ধরে' রাখ্ব এরে, নিজেই ভেসে যাই !

এ আলো যে বর্ষাকালের ডৃপ্তি-ষাণ্যা নদী,

হু'কুল ভাসে, তবুও বারি ছুটছে নিরবধি।

আকাশ ভাসে, ভূবন ভাসে,

চাঁদের এ প্রেম তবুও হাসে,

ভাসিয়ে গাছে মাঠে গৃহে তবুও নাহি থামে ।

এ প্রেম আমায় জড়িয়ে ধরে,

হাজার চুমোয় অঙ্গ ভরে,

বুকের দুয়ার আপ্নি খুলে সেখায় যে রে নামে ।

আজকে চাঁদের পাঁরাবারে

একাকার হয় পারাপারে ;

নিখিলের এ মৃত্তাল সুখে আমাৰুও প্রাণ খোলা।

আজকে রাতের এ কি আলো, এ কি পুরাণ-ভোলা!

শ্রী প্যারীমোহন সেনগুপ্ত

অধ্যাপক ।